গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন
শিল্প মন্ত্রণালয়
৯১, মতিঝিল বা/এ, ঢাকা।
www.npo.gov.bd

# জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটি (এনপিইসি)-এর ২৮তম সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব জাকিয়া সুলতানা<br>সচিব, শিল্প মন্ত্রণালয় |
| তারিখ | : | বিগত ০৫ ডিসেম্বর, ২০২২ খ্রি. |
| সময় | : | সকাল ১০.০০ টা |
| স্থান | : | ভার্চুয়াল সভা |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে এনপিও'র মহাপরিচালক ও জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটির সদস্য-সচিব জনাব মুহম্মদ মেসবাহুল আলম সভায় কার্যপত্র উপস্থাপন করেন। অতঃপর সভায় আলোচ্যসূচি ভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র.নং | আলোচ্য সূচি | আলোচনা | সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ | গত ১৪ জুন, ২০২২ তারিখে অনুষ্ঠিত ২৭তম সভার কার্যবিবরণীর সংশোধনীর বিষয়ে মতামত আহবান করা হয়। এতে কোনো সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি দৃঢ় করা যেতে পারে মর্মে সভায় সকলে একমত পোষণ করেন। | বিগত ২৭ তম সভার কার্যবিবরণীটি দৃঢ় করা হয়। | |
| ০২ | এনপিও দপ্তরের আপগ্রেডেশন ও আঞ্চলিক অফিস স্থাপন সংক্রান্ত | মহাপরিচালক, এনপিও সভাকে অবহিত করেন, গত ১৩ মার্চ ২০২২ তারিখে মন্ত্রিপরিষদ সচিব-এর সভাপতিত্বে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। বর্ণিত সভায় এনপিও'র বিদ্যমান জনবলের অতিরিক্ত ৩৩টি পদ সৃজন এবং যুগ্ম-পরিচালকের পদ বিলুপ্ত করে সৃজিত পদসমূহ তফসিলে অন্তর্ভুক্তিসহ এনপিও'র 'নিয়োগ বিধিমালা ২০২২' অনুমোদিত হয়েছে। 'নিয়োগ বিধিমালা ২০২২' এর পত্র শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হলে মন্ত্রণালয় বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ে তাঁদের মতামত গ্রহণের নিমিত্ত প্রেরণ করে।<br>বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয় হতে বর্ণিত নিয়োগবিধির ০৩টি বিষয়ে তথ্যাদি চাওয়া হয়েছে। এ বিষয়ে তথ্যাদি প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br>তিনি আরও বলেন, ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশনকে অধিদপ্তরে রূপান্তরের বিষয়ে সদয় অনুমোদনের জন্য গত ১৮ জুলাই ২০২১ এবং ৩ মার্চ ২০২২ তারিখে দুইবার প্রস্তাব প্রেরণ করা হয়। কিন্তু জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক এনপিওকে অধিদপ্তরে রূপান্তরের বিষয়ে অসম্মতি জ্ঞাপন করা হয়েছে।<br>সভাপতি বলেন, জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক এনপিওকে অধিদপ্তরে আপগ্রেডেশনের প্রস্তাব দুইবার নাকচ করা হয়েছে যার প্রেক্ষিতে পুনরায় প্রস্তাব দেওয়া ঠিক হবেনা। | ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে মহাপরিচালক এনপিওকে এ বিষয়ে পুন:উদ্যোগ গ্রহণ করতে হবে। | মহাপরিচালক এনপিও |
| ০৩ | এনপিও'র জন্য বরাদ্দকৃত জমিতে ভবন নির্মাণ সংক্রান্ত | সভায় ডিজি, এনপিও বলেন, গত ১০/১১/২০২২ তারিখে মামলাটির শুনানি শেষ হয়েছে। তিনি আরও বলেন, সভাপতির নিরলস প্রচেষ্টার ফলে আগামী ০৬/১২/২০২২ তারিখে মামলাটি Cause List এ অন্তর্ভুক্ত হয়েছে এবং নিষ্পত্তি হওয়ার সম্ভাবনা রয়েছে।<br>সভাপতি, উক্ত তারিখের আগেই অ্যাটর্নি জেনারেল-এর সাথে সাক্ষাত করে মামলাটি নিষ্পত্তির জন্য মহাপরিচালক, এনপিওকে নির্দেশনা প্রদান করেন। | এনপিও'র নিজস্ব ভবন নির্মাণের মামলাটি নিষ্পত্তির জন্য চেষ্টা অব্যাহত রাখতে হবে। | মহাপরিচালক এনপিও |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | এনপিও কর্তৃক বাস্তবায়িত কারিগরি প্রকল্পের ফলোআপ সংক্রান্ত | মহাপরিচালক, এনপিও জানান প্রকল্পের টার্গেট অনুযায়ী ট্রেনিং, ওয়ার্কশপ এবং সেমিনার নিয়মিতভাবে বাস্তবায়ন করা হচ্ছে। তিনি আরও বলেন, ২০২২-২৩ অর্থবছরে উক্ত বিষয়ে সকল টার্গেট পূরণ করা সম্ভব হবে।<br><br>সভাপতি, এনপিও'র নিজস্ব ট্রেনিং, ওয়ার্কশপ এবং সেমিনার অগ্রগতির বিষয়ে সন্তোষ প্রকাশ করে বলেন, শুধু ট্রেনিং, ওয়ার্কশপ এবং সেমিনার করলে হবেনা আউটপুট সম্পর্কে জানতে হবে। তিনি বলেন, বাংলাদেশের প্রোডাকটিভিটি লেভেল ৩.৮ থেকে ৫.৬ এ যেতে গেলে এনপিও'র কাজকে অবশ্যই Action Oriented বা Implementation Status এ নিয়ে যেতে হবে।<br><br>সভাপতি, মহাপরিচালক এনপিওকে ২০২২-২৩ অর্থবছর-এর টার্গেট অনুযায়ী প্রকল্পের ট্রেনিং, ওয়ার্কশপ এবং সেমিনারের যে কর্মসূচি রয়েছে তা যথাসময়ে বাস্তবায়নের পরামর্শ প্রদান করেন। | "ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর জনবলের সক্ষমতা বৃদ্ধি এবং দেশব্যাপী উৎপাদনশীলতা বিষয় অবহিতকরণ" শীর্ষক প্রকল্পটির যাবতীয় কার্যক্রম যথাসময়ে বাস্তবায়ন করতে হবে। | (ক) পরিকল্পনা অনুবিভাগ শিল্প মন্ত্রণালয়<br>(খ) মহাপরিচালক এনপিও<br>(গ) পিডি, এনপিও |
| ০৫ | এপিও কর্তৃক প্রতিষ্ঠান পর্যায়ে প্রদেয় স্বল্প ব্যয় সম্পন্ন আন্তর্জাতিক মানের Technical Expert Service (TES) সেবা গ্রহণ | ডিজি, এনপিও বলেন, ২০২২ সালে প্রাপ্ত প্রজেক্ট নোটিফিকেশন অনুযায়ী বিভিন্ন ট্রেডবডি/অ্যাসোসিয়েশন সহ ৬০ টিরও অধিক প্রতিষ্ঠানে পত্র প্রেরণ করা হয়। প্রেরিত পত্রের প্রেক্ষিতে বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন, আফতাব বহুমুখী ফার্ম, কিশোরগঞ্জ এবং এনপিও হতে ৪টি পূরণকৃত আবেদন এপিও সচিবালয়ে প্রেরণ করা হয়। ৪টি আবেদনই এপিও কর্তৃক গৃহীত হয়েছে। ইতোমধ্যে বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন এ Lean Manufacturing System শীর্ষক একটি TES কর্মসূচি বাস্তবায়িত হয়েছে। গত ৩০ অক্টোবর, ২০২২ হতে ০৩ নভেম্বর, ২০২২ তারিখ পর্যন্ত এনপিও'র জন্য Productivity Measurement for NPO শীর্ষক একটি TES কর্মসূচি বাস্তবায়িত হয়েছে। আগামী ২৯ ডিসেম্বর, ২০২২– ০২ জানুয়ারি, ২০২৩ পর্যন্ত আফতাব বহুমুখী ফার্মস লিমিটেড, কিশোরগঞ্জ এর জন্য Productivity Basic Tools & Techniques শীর্ষক দুইটি TES প্রোগ্রাম অনুষ্ঠিত হবে।<br><br>**সভাপতি বলেন, বিদেশি এক্সপার্ট কর্তৃক প্রদত্ত TES কর্মসূচির কোনো Impact Evaluation সিস্টেম আছে কিনা সভাপতি ডিজি এনপিও'র কাছে জানতে চান। ডিজি, এনপিও বলেন, কর্মসূচি শুরুর পূর্বে প্রি টেস্টের মাধ্যমে Evaluation এবং কর্মসূচি শেষে পোস্ট টেস্টের মাধ্যমে প্রশিক্ষণার্থীদের Evaluation করা হয়।**<br><br>বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশনের প্রতিনিধি জনাব জোহা জামিলুর রহমান বলেন, এনপিও কর্তৃক বিইএফ এ গত ২৫-২৭ অক্টোবর, ২০২২ তারিখে Lean Manufacturing System বিষয়ক একটি TES কর্মসূচি বাস্তবায়িত হয়েছে। তিনি বর্ণিত কোর্সে Reaction Evaluation এবং Learning Evaluation এ দুটি পদ্ধতিতে প্রশিক্ষণার্থীদের মূল্যায়ন করা হয়েছে মর্মে জানান। | এপিও হতে আগামী ২০২৩ সালের জন্য TES সেবা অনলাইন অথবা সরাসরি প্লাটফর্মে আয়োজন করার উদ্যোগ গ্রহণ করতে হবে। | মহাপরিচালক এনপিও |
| ০৬ | সেক্টর এবং সাব সেক্টরের Need Base কর্মসূচি গ্রহণ ও বিভিন্ন ট্রেডবডি এবং এনপিও'র মেমোরেন্ডাম অফ আন্ডারস্ট্যান্ডিং স্বাক্ষর | মহাপরিচালক, এনপিও সভাকে জানান, এনপিও বিভিন্ন ট্রেডবডির সাথে ০৮টি সমঝোতা স্মারক স্বাক্ষর করেছে। এসব ট্রেডবডির সাথে স্বাক্ষরিত সমঝোতা স্মারকের কার্যাবলির ফলোআপ অব্যাহত রয়েছে। এরই অংশ হিসেবে গত ১৯ এপ্রিল ২০২২ তারিখে বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন ও এনপিও'র সহযোগিতায় 'Seminar on Productivity for Better Future' এবং গত ০২ অক্টোবর, ২০২২ "Membership Management and Productivity Improvement" শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। এছাড়াও বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন এ Lean Manufacturing System শীর্ষক একটি TES কর্মসূচি বাস্তবায়িত হয়েছে।<br><br>ঢাকা উইমেন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি এর আওতাধীন প্রতিষ্ঠান আলফা এগ্রো লিমিটেড, গাজীপুর-এ পরামর্শ সেবা প্রদান করা হয়েছে। এছাড়াও অন্যান্য প্রতিষ্ঠানের সাথেও যোগাযোগ অব্যাহত রাখা হয়েছে। | (ক) এনপিও কর্তৃক স্বাক্ষরিত ০৮টি সমঝোতা স্মারক যথাযথ বাস্তবায়নে সংশ্লিষ্ট অ্যাসোসিয়েশন ও ট্রেডবডির সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>(খ) বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে MoU বাস্তবায়নের জন্য Short | মহাপরিচালক এনপিও |

| | | | | |
|---|---|---|---|---|
| | | **বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন-এর প্রতিনিধি জনাব জোহা জামিলুর রহমান বলেন, গত ০৫/০২/২০১৯ তারিখে এনপিও'র সাথে বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন এর MoU স্বাক্ষরিত হয়। তিনি বলেন, বর্ণিত সমঝোতা স্মারকটি এক প্রকার Letter of Intent, যেখানে প্রশিক্ষণ/সেমিনার আয়োজন, জাতীয় উৎপাদনশীলতা দিবস পালনের মত কিছু কার্যক্রমের কথা উল্লেখ আছে। কিন্তু MoU কার্যকরের কোনো সুনির্দিষ্ট তারিখ বা সময়সীমা উল্লেখ নেই এবং অর্থনৈতিক কোনো তথ্যের উল্লেখ নেই।**<br><br>সভাপতি, এনপিও কর্তৃক ০৮টি প্রতিষ্ঠানের সাথে স্বাক্ষরিত MoU বাস্তবায়নের জন্য Short Term, Mid Term ও Long Term ভিত্তিক ক্যাটাগরি নির্ধারণ করে MoU-এর সময়সীমা বৃদ্ধি করে কর্মপরিকল্পনা তৈরি করার জন্য ডিজি, এনপিওকে পরামর্শ প্রদান করেন। | Term, Mid Term ও Long Term ক্যাটাগরি নির্ধারণ করে কর্মপরিকল্পনা তৈরি করতে হবে। | |
| ০৭ | বাংলাদেশ কারিগরি শিক্ষা কারিকুলামে উৎপাদনশীলতা বিষয় অন্তর্ভুক্তকরণ | মহাপরিচালক, এনপিও সভায় জানান, গত ০৮/১১/২০২২ তারিখে NCTB এর সম্মেলন কক্ষে 'বাংলাদেশ কারিগরি শিক্ষা কারিকুলামে উৎপাদনশীলতা বিষয় অন্তর্ভুক্তকরণ' শীর্ষক একটি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। তিনি আরও জানান, কর্মশালায় এনসিটিবি-এর চেয়ারম্যান বলেন, উৎপাদনশীলতার বিষয়টি ২০২৪ সালের বাংলাদেশ কারিগরি শিক্ষা কারিকুলাম-এর নবম-দশম শ্রেণীর পাঠ্যপুস্তকে অন্তর্ভুক্ত করা হবে এবং আগামী ২০২৫ সালের পাঠ্যপুস্তকে পর্যায়ক্রমে প্রথম থেকে দশম শ্রেণী পর্যন্ত অন্তর্ভুক্ত করার উপর গুরুত্বারোপ করেন।<br>শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব জনেন্দ্র নাথ সরকার বলেন, উৎপাদনশীলতা বিষয়টি পাঠ্যপুস্তকে অন্তর্ভুক্ত করা ভালো উদ্যোগ। তিনি বর্ণিত বিষয়টি দেশের শিল্প ও সেবা প্রতিষ্ঠানসহ সরকারী প্রতিষ্ঠানের উচ্চ পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের অবহিত করার মাধ্যমে সচেতনতা গড়ে তোলার উপর গুরুত্বারোপ করেন।<br><br>সভাপতি বলেন, উৎপাদনশীলতার বেসরকারী প্রতিষ্ঠানের পাশাপাশি সরকারী প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা কর্মচারীদেরকে চর্চা করার লক্ষ্যে একটি সংক্ষিপ্ত আর্টিকেল প্রস্তুতসহ পাঠ্যপুস্তকে অন্তর্ভুক্ত করার উপর গুরুত্বারোপ করেন এবং এনপিও'র ডিজিকে এনসিটিবি-এর সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার পরামর্শ প্রদান করেন। | (ক) বাংলাদেশ কারিগরি শিক্ষা কারিকুলাম ও মাধ্যমিক শিক্ষা বোর্ডের সচিবের সাথে উৎপাদনশীলতা বিষয়ক Content টি অন্তর্ভুক্তির জন্য যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>(খ) এনপিওকে উৎপাদনশীলতা সম্পর্কে একটি সংক্ষিপ্ত আর্টিকেল প্রস্তুত করে সকল মন্ত্রণালয়ে বিতরণ করতে হবে। | (ক) অতিরিক্ত সচিব (প্রশাসন) শিল্প মন্ত্রণালয়<br>(খ) মহাপরিচালক এনপিও |
| ০৮ | এনপিও'র সহায়তায় শিল্প মন্ত্রণালয় কর্তৃক ১০ (দশ) বছর মেয়াদী National Productivity Master Plan 2021-2030 প্রণয়ন | মহাপরিচালক, এনপিও সভাকে বলেন, এনপিও'র সহায়তায় শিল্প মন্ত্রণালয় ১০ (দশ) বছর মেয়াদী National Productivity Master Plan 2021-2030 প্রণয়ন করেছে। তিনি আরো বলেন, National Productivity Master Plan এর উপর প্রস্তুতকৃত Action Plan বাস্তবায়নে মাননীয় মন্ত্রী মহোদয়ের নেতৃত্বে একটি আন্তঃমন্ত্রণালয় সভা আহবান করার উদ্যোগ গ্রহণ করতে হবে। মাননীয় মন্ত্রী-এঁর সদয় অনুমতি নিয়ে ডিসেম্বর/২০২২ মাসের মধ্যে একটি আন্তঃমন্ত্রণালয় সভা আহবানের কার্যক্রম গ্রহণ করার চেষ্টা অব্যাহত থাকবে।<br><br>বাংলাদেশ ট্রেড ইউনিয়ন কেন্দ্রের প্রতিনিধি জনাব আবুল কালাম আজাদ বলেন, বর্তমান প্রেক্ষাপট বিবেচনায় উৎপাদনশীলতা বিষয়টির সাথে কারখানা পর্যায়ে ট্রেড ইউনিয়ন শ্রমিকদের অংশগ্রহণ অত্যন্ত জরুরি হয়ে পড়েছে। তিনি সভায় উৎপাদনশীলতার আন্দোলন বেগবান করার কার্যক্রমে ট্রেড ইউনিয়নকে অন্তর্ভুক্ত করা যায় কিনা সে বিষয়ে জানতে চান। ডিজি, এনপিও বলেন এটি এনপিও'র পরিকল্পনায় রয়েছে। ধাপে ধাপে বাংলাদেশ ট্রেড ইউনিয়ন কেন্দ্র, জাতীয় শ্রমিক লীগ এবং জাতীয় শ্রমিক পার্টিসহ অন্যান্য ট্রেড বডির সাথে আলোচনার মাধ্যমে তাদের পরামর্শ গ্রহণ করা হবে।<br><br>সভাপতি বলেন, অন্যান্য সংস্থার সাথে যেমন MoU করা রয়েছে, তেমনি ট্রেড ইউনিয়নগুলির সাথেও MoU করা যেতে পারে। | (ক) National Productivity Master Plan-এর উপর প্রস্তুতকৃত Action Plan বাস্তবায়নে মাননীয় মন্ত্রী-এঁর সভাপতিত্বে সভা আয়োজন করতে হবে।<br><br>(খ) বাংলাদেশ ট্রেড ইউনিয়ন কেন্দ্রের সাথে একটি MoU করার সম্ভাব্যতা বিবেচনা করা যেতে পারে। | (ক) অতিরিক্ত সচিব (প্রশাসন) শিল্প মন্ত্রণালয়<br><br>(খ) মহাপরিচালক এনপিও |
| ০৯ | ন্যাশনাল প্রোডাকটিভিটি | মহাপরিচালক, এনপিও সভাকে জানান, ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন | প্রাপ্ত আবেদন সমূহ মূল্যায়নের ভিত্তিতে | মহাপরিচালক এনপিও |

| | | | | |
|---|---|---|---|---|
| | এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল অ্যাপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড ২০২১ প্রদান করা | অ্যাওয়ার্ড ২০২১ এর জন্য ব্যাপক প্রচারণার লক্ষ্যে এ বিষয়ে বিভিন্ন পত্রিকা, এনপিও'র ওয়েবসাইট, শিল্প মন্ত্রণালয়ের ওয়েবাসাইট, টিভি স্ক্রল, ফেসবুকে প্রচারণা চালানো হয়। এছাড়া সকল জেলা প্রশাসক, বিসিক কার্যালয়, বেপজা, বিভিন্ন কর্পোরেশন, বিভিন্ন অ্যাসোসিয়েশনসহ স্টেকহোল্ডারদের অবহিতকরণের জন্য অ্যাওয়ার্ড-এর বিজ্ঞপ্তি প্রেরণ করা হয়। সে মোতাবেক আশানুরূপ সাড়া পাওয়া যায়নি।<br>সভাপতি বলেন, যে সকল আবেদন পাওয়া গেছে তা সঠিকভাবে মূল্যায়ন করে সনদ ও ট্রফির সংখ্যা কমিয়ে ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল অ্যাপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড প্রদান করা যেতে পারে। তবে ব্যাপক প্রচারণা চালানোর প্রচেষ্টা অব্যাহত রাখার জন্য ডিজি, এনপিওকে নির্দেশনা প্রদান করেন। | ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল অ্যাপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড ২০২১ প্রদান করা হবে। পরবর্তী বছরের জন্য ব্যাপক প্রচারণার ব্যবস্থা করতে হবে। | |
| ১০ | ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও)'র গবেষণা বিষয়ক তথ্যাদি | ডিজি, এনপিও সভায় নিম্নলিখিত ০৩টি গবেষণা বিষয়ক কার্যক্রম সম্পর্কে অবহিত করেন। যেমন:<br>(ক) "Identify ways to enhance productivity of state-owned sugar mills"<br>(খ) "Opportunities and Challenges for Post Covid-19 in Manufacturing Sectors of Bangladesh"<br>(গ) "To save energy loss by reducing steam and gas leakage and recycle of condensate etc for all Urea Fertilizer Factories for Bangladesh Chemical Industries Corporation"<br>বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ করপোরেশনের পরিচালক (উৎপাদন) জনাব শাহীন কামাল বলেন, গবেষণার কাজে এনপিওকে সহায়তা করার জন্য বিসিআইসি কর্তৃক একটি কমিটি গঠন করা হয়েছে।<br>সভাপতি, চলমান অর্থবছরের ০৫ মাস অতিবাহিত হলেও গবেষণা কার্যক্রম শুরু না করায় অসন্তোষ প্রকাশ করেন। তিনি এনপিও কর্তৃক ২০২২-২০২৩ অর্থবছরে ৩টি গবেষণা কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করার লক্ষ্যে মহাপরিচালক এনপিওকে পরামর্শ প্রদান করেন। | এনপিও কর্তৃক ২০২২-২০২৩ অর্থবছরে ৩টি গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | মহাপরিচালক এনপিও |
| ১১ | বিভিন্ন শিল্প ও সেবা প্রতিষ্ঠানে Material Flow Cost Accounting (MFCA) বাস্তবায়ন | মহাপরিচালক, সভাকে জানান MFCA বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন-এর আওতাধীন প্রতিষ্ঠান নির্বাচন করে এনপিওকে প্রস্তাব করা হলে APO তে প্রেরণ করার উদ্যোগ গ্রহণ করা হবে। তিনি আরও জানান বিগত সভার সিদ্ধান্ত থাকলেও অদ্যাবধি বর্ণিত বিষয়ে বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন হতে প্রস্তাব পাওয়া যায়নি।<br>বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ করপোরেশনের পরিচালক (উৎপাদন) জনাব শাহীন কামাল বলেন, বিসিআইসির ০৬টি প্রতিষ্ঠানে Cost Audit করার জন্য Consultant নিয়োগ করা হয়েছে। Material Flow Cost Accounting (MFCA)-এর কার্যক্রম বাস্তবায়নে শীঘ্রই প্রতিষ্ঠান নির্বাচন করে এনপিওতে প্রস্তাব প্রেরণ করা হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন।<br>সভাপতি, এপিও কর্তৃক Material Flow Cost Accounting (MFCA)-এর কার্যক্রম ধাপে ধাপে বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর সংস্থার প্রধানগণকে বর্ণিত কর্মসূচির সুযোগ গ্রহণের উপর গুরুত্ব আরোপ করেন। | বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনের নির্বাচিত প্রতিষ্ঠানে Material Flow Cost Accounting (MFCA)-এর কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | (ক) মহাপরিচালক এনপিও<br>(খ) চেয়ারম্যান বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ করপোরেশন রয়েছে। |
| ১২ | কৃষি, সেবা ও শিল্প সেক্টরের উৎপাদনশীলতা লেভেল নির্ধারণ | সভায় মহাপরিচালক, এনপিও জানান, এনপিও কর্তৃক কৃষি, সেবা ও শিল্প সেক্টরের উৎপাদনশীলতা লেভেল আপডেট করার জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক প্রকাশিত Labor Force Survey এবং বার্ষিক প্রতিবেদন সংগ্রহ করার লক্ষ্যে বিবিএস-এ পত্র প্রেরণ করা হয়েছে। বিবিএস-এর Labor Force Survey নামক পরবর্তী প্রকাশনা প্রকাশের পর উক্ত কার্যক্রম সম্পন্ন করা হবে। | Labor Force Survey প্রকাশের সর্বশেষ আপডেট পাওয়ার লক্ষ্যে বিবিএস-এর সাথে সার্বক্ষণিক যোগাযোগ | মহাপরিচালক এনপিও |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ঢাকা চেম্বার অব কমার্স (ডিসিসিআই)-এর প্রতিনিধি জনাব সোহেল রানা বলেন, বিবিএস ২০১৬ সালে সর্বশেষ Labor Force Survey প্রকাশ করেছে। তিনি বলেন, ডিসিসিআই যখন বিভিন্ন স্টেকহোল্ডারদের সাথে ডাটা অ্যানালাইসিস করে তখন লেটেস্ট ডাটার প্রয়োজনীয়তা অনুভব করেন। তিনি শিল্প মন্ত্রণালয়ের মাধ্যমে বিবিএসকে দ্রুত Labor Force Survey প্রকাশ করার অনুরোধ জানান।<br><br>সভাপতি, বিবিএস হতে Labor Force Survey প্রকাশের সর্বশেষ আপডেট পাওয়ার লক্ষ্যে সার্বক্ষণিক যোগাযোগ রাখার জন্য এনপিও'র ডিজিকে পরামর্শ প্রদান করেন। | রাখতে হবে। | |
| ১৩ | উৎপাদনশীলতা সম্পর্কে ধারণা সম্প্রসারণের জন্য উৎপাদনশীলতা বিষয়ক প্রামাণ্য চিত্র প্রচার | সভায় মহাপরিচালক, জানান উৎপাদনশীলতা বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য একটি টিভিসি প্রস্তুতের খসড়া স্ক্রিপ্ট তৈরি করা হয়েছে। শীঘ্রই টিভিসি প্রস্তুতের খসড়া স্ক্রিপ্ট মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।<br><br>সভাপতি বলেন, শিল্প মন্ত্রণালয়ের আওতাভুক্ত প্রত্যেক দপ্তর সংস্থার গতি আনয়নকল্পে টিভিসি প্রস্তুতের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তিনি বলেন, টিভিসি বিটিভিসহ অন্যান্য বেসরকারি চ্যানেলে সম্প্রচার করার উদ্যোগ গ্রহণ করার উপর গুরুত্বারোপ করেন। এছাড়াও, এনপিও কর্তৃক আয়োজিত বিভিন্ন অনুষ্ঠান যেমন: উৎপাদনশীলতা দিবস, ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল অ্যাপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড অনুষ্ঠানে প্রচার করা হলে স্টেকহোল্ডাররা স্বচ্ছ একটা ধারণা পাবে মর্মে সভাকে জানান।<br><br>সভাপতি, জাতীয় উৎপাদনশীলতা বিষয়টি দেশব্যাপী সচেতনতা সৃষ্টির লক্ষ্যে টিভিসি প্রস্তুতপূর্বক যথাযথভাবে প্রচারের পদক্ষেপ গ্রহণ করার জন্য এনপিও'র ডিজিকে পরামর্শ প্রদান করেন। | উৎপাদনশীলতা বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য টিভিসি তৈরি করে বিটিভিসহ অন্যান্য বেসরকারি চ্যানেলে সম্প্রচারের উদ্যোগ গ্রহণ করতে হবে। | মহাপরিচালক এনপিও |
| ১৪ | ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল অ্যাপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড নীতিমালা সংশোধন | ডিজি, এনপিও বলেন ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল এপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড নীতিমালা সংশোধনের লক্ষ্যে খসড়া নীতিমালাটি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। তিনি বলেন, অতিরিক্ত সচিব (প্রশাসন)-কে আহবায়ক করে ৫ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে এবং কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়েছে মর্মে সভাকে জানান।<br><br>ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল অ্যাপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড নীতিমালা ২০২০ সালে প্রবর্তন করে ২০২২ সালে সংশোধনের যৌক্তিকতার বিষয়ে সভাপতি প্রশ্ন করলে অতিরিক্ত সচিব (প্রশাসন) বলেন, নীতিমালার কিছু কিছু জায়গায় অস্পষ্টতা আছে। তিনি বলেন, শিল্প নীতিমালা অনুসারে কিছু ক্রাইটেরিয়ার শিল্প প্রতিষ্ঠান আছে। একটি ছক প্রয়োগ করে বৃহৎ প্রতিষ্ঠানের সাথে মাইক্রো প্রতিষ্ঠানের লিংক করা হলে মূল্যায়নের ক্ষেত্রে কিছু জটিলতা দেখা দেয় বিধায় কিছু সংশোধন করা প্রয়োজন।<br><br>সভাপতি, ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল অ্যাপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড নীতিমালাটি দ্রুততম সময়ের মধ্যে সংশোধন করে ২০২১ সালের অ্যাওয়ার্ড প্রদানের কার্যক্রম গ্রহণের জন্য ডিজি, এনপিওকে পরামর্শ প্রদান করেন। | ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড এবং ইন্সটিটিউশনাল অ্যাপ্রিসিয়েশন অ্যাওয়ার্ড নীতিমালা সংশোধনের কার্যক্রম দ্রুত সময়ে সমাপ্ত করতে হবে। | (ক) অতিরিক্ত সচিব (প্রশাসন) শিল্প মন্ত্রণালয়<br><br>(খ) মহাপরিচালক এনপিও |
| ১৫ | উৎপাদনশীলতা বিষয়ক ট্রেইনার পুল | ডিজি, এনপিও সভায় বলেন, উৎপাদনশীলতা বিষয়ক ট্রেইনার পুল-এ অন্তর্ভুক্তির প্রক্রিয়ার বিষয়ে আলোচনার জন্য DCCI-এর প্রতিনিধি জনাব মোঃ জয়নাল আবেদিন এর সাথে আলোচনা করা হয়েছে। কিন্তু তিনি বর্তমানে DCCI এ কর্মরত না থাকায় তাঁর স্থলে কর্মরত ব্যক্তির সাথে যোগাযোগ করা হয়েছে। তিনি DCCI সহ অন্যান্য ট্রেডবডির আওতাধীন নিয়োগপ্রাপ্ত Consultantদের ট্রেইনার পুলের অন্তর্গত করার জন্য তালিকা চাওয়া হয়েছে মর্মে সভাকে জানান। অদ্যাবধি কোনো প্রতিষ্ঠান হতে তালিকা পাওয়া যায়নি।<br><br>ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)-এর প্রতিনিধি জনাব | উৎপাদনশীলতা বিষয়ক ট্রেইনার পুল গঠনের লক্ষ্যে ডিসিসিআইসহ সংশ্লিষ্ট সকলের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | মহাপরিচালক এনপিও |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সোহেল রানা বলেন, ট্রেইনার পুলের তালিকা তৈরির কাজ চলমান রয়েছে, সেখানে কিছু সংশোধন রয়েছে। তিনি উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে আলোচনা করে সংশোধনের কাজ শেষ হলে ডিসেম্বর/২০২২ এর মধ্যেই তালিকাটি এনপিও দপ্তরে পাঠাবেন মর্মে জানান।<br><br>সভাপতি, ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) থেকে প্রাপ্ত ট্রেইনার পুলের তালিকা এবং এপিও সোসাইটি ফর বাংলাদেশ থেকে প্রাপ্ত ট্রেইনার পুলের তালিকার সমন্বয়ে একটি শক্তিশালী রিসোর্স পুল গঠনের উপর গুরুত্বারোপ করেন। | | |
| ১৬ | উৎপাদনশীলতা বিষয়ক আইন | ডিজি, এনপিও সভায় বলেন, উৎপাদনশীলতা বিষয়ক খসড়া আইন চূড়ান্তকরণের জন্য মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব শেখ ফয়েজুল আমীন-এর নেতৃত্বে ৫ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। গঠিত কমিটি কর্তৃক গত ০৭/০৭/২০২২ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উৎপাদনশীলতা বিষয়ক খসড়া আইন ২০২২ চূড়ান্তকরণের জন্য গঠিত কমিটিতে আরো ০৬ (ছয়) জন সদস্য কো-অপ্ট করার প্রস্তাব করা হয় মর্মে ডিজি, এনপিও জানান।<br><br>গঠিত কমিটিতে সদস্য কো-অপ্ট করার বিষয়ে ০৫ জন প্রতিনিধির মনোনয়ন পাওয়া গেছে কিন্তু লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় হতে এখনো পর্যন্ত কোনো প্রতিনিধি পাওয়া যায়নি মর্মে তিনি সভাকে অবহিত করেন।<br><br>সভাপতি, উৎপাদনশীলতা বিষয়ক খসড়া আইন স্ক্রিনিং, ভেটিং-এর জন্য আইন মন্ত্রণালয়ে প্রেরণের পরে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধির প্রয়োজন হবে বিধায় উক্ত মন্ত্রণালয় হতে প্রতিনিধির মনোনয়ন ছাড়া কমিটি গঠনের উপর গুরুত্বারোপ করেন।<br><br>এনপিও কর্তৃক প্রণয়নকৃত খসড়া জাতীয় উৎপাদনশীলতা আইন দ্রুত সময়ের মধ্যে চূড়ান্ত করার জন্য ডিজি, এনপিওকে পরামর্শ প্রদান করেন। | উৎপাদনশীলতা বিষয়ক খসড়া আইন প্রস্তুতের কার্যক্রম দ্রুততম সময়ে সম্পাদন করতে হবে। | মহাপরিচালক এনপিও |

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে গুরুত্বপূর্ণ মতামত প্রদান ও আলোচনায় অংশগ্রহণ করার জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১6.১2.2022

(জাকিয়া সুলতানা)
সচিব, শিল্প মন্ত্রণালয়
ও
সভাপতি
জাতীয় উৎপাদনশীলতা কার্যনির্বাহী কমিটি (এনপিইসি)